ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)
Web-site: www.dpdc.org.bd

দপ্তর
নির্বাহী পরিচালক (অপারেশন)
বিদ্যুৎ ভবন (৩য় তলা)
১ নং অব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৬৩৪০৭
E-mail: edo@dpdc.org.bd

স্মারক নং-৮৭.২০১.৪২৪.০০.০০.০০৬.২০১৯-১৮৭

তারিখ: ২৮/০৩/২০২১ ইং।

**বিষয়ঃ** **২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ)'র লক্ষ্যমাত্রা অর্জনকল্পে মার্চ/২০২১ মাসের পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ)'র লক্ষ্যমাত্রা অর্জনকল্পে মার্চ/২০২১ মাসের এপিএ টিমের মাসিক পর্যালোচনা সভা গত ২৩/০৩/২০২১ খ্রি. তারিখ, সকাল ১০.০০ টায়, নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এপিএ কমিটির সকল সদস্য ও সকল প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপকগন উপস্থিত ছিলেন।

সভার সভাপতিঃ নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি।
তারিখঃ ২৩.০৩.২০২১ খ্রিস্টাব্দ, সময়: সকাল ১০.০০ টা

সভার বিষয়বস্তুঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র লক্ষ্যমাত্রা, অর্ধবার্ষিক অর্জন এবং ফেব্রু./২০২১ মাসের অর্জন এবং জুলাই/২০ -ফেব্রুয়ারি/২১ পর্যন্ত অর্জন নিয়ে আলোচনা হয়।

**১.০ আলোচনা:**

১.১: সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী, নির্বাহী পরিচালক (অপারেশন) দপ্তর সভার কার্যসূচি উপস্থাপন করেন। শুরুতেই ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র লক্ষ্যমাত্রা, অর্ধবার্ষিক অর্জন এবং ফেব্রু./২০২১ মাসের অর্জন এবং জুলাই/২০ -ফেব্রুয়ারি/২১ পর্যন্ত অর্জন সভাতে উপস্থাপন করা হয়।

| কর্ম সম্পাদন সূচক | একক | লক্ষ্যমাত্রা | অর্ধবার্ষিক অর্জন | জানু./২১ | ফেব্রু./২১ | জুলাই/২০ - ফেব্রুয়ারি/২১ |
|---|---|---|---|---|---|---|
| [১.১.১] বিতরণ লাইন | কিঃমি | ৬০ | ৬৩.৬ | ১২.২ | ৬.২ | ৮২ |
| [১.২.১] উপকেন্দ্রের ক্ষমতা | এমভিএ | ৭২০ | ১৮৫. | ১৯০. | ১৪ | ৩৮৯. |
| [১.৩.১] ওভার লোডেড ট্রান্সফরমার এর পরিমান কমানো | % | ০.২ | ০.০০১ | ০.০১৫ | ০.০৩৮ | ০.০৩৮ |
| [১.৩.২] ১১ কেভি ফিডার অটোমেশন | % | ১০০ | ০. | ০. | | ০. |
| [১.৩.৩] SAIDI | মিনিট | ৩৬৫ | ১২৯.৬৬৬ | ১৩.৪০৯ | ১৬.৪৭০ | ১৫৯.৫৪৫ |
| [১.৩.৪] SAIFI | বার/সংখ্যা | ২০ | ১০.৯৫৪ | ১.৪৮১ | ১.২৭ | ১৩.৭০৫ |
| [১.৪.১] বিলিং পয়েন্টে পাওয়ার ফ্যাক্টর | % | ৯০ | ০.৯১ | ০.৯২ | | ০.৯২ |
| [১.৫.১] এডিপি বাস্তবায়ন (আর্থিক) | % | ১০০ | ৬.৯৭ | ০.২৮ | ১.৭ | ৮.৯৫ |
| [১.৬.১] সকল উপকেন্দ্রসহ ৩৩ কেভি লাইনের জিআইএস ম্যাপিং | % | ১০০ | ১০০ | ০ | ০ | ১০০ |
| [১.৬.২] ১১ কেভি লাইনের জি আই এস ম্যাপিং | % | ১০০ | ১০০ | ০ | ০ | ১০০ |
| [১.৭.১] আউটসোর্সিং এর মাধ্যমে বিল বিতরণ | এনওসিএস এর সংখ্যা | ১২ | ১৪ | ০ | ০ | ১৪ |
| [১.৭.২] গণশুনানি | সংখ্যা | ৩৬ | ১৮ | ১ | ৩ | ২২. |
| [১.৮.১] উপকেন্দ্রের সংখ্যা | সংখ্যা | ১ | ২ | ০. | ০ | ২ |
| [২.১.১] সিস্টেম লস | % | ৭.২ | ৬.৯২ | ৪.৭২ | ২.৮৫ | ৬.২৯* |
| [২.২.১] বকেয়া হ্রাস | সমমাস | ২ | ১.৬৭ | ১.৫৭ | ১.৪৮ | ১.৪৮* |
| [২.২.২] কালেকশন বিল রেশিও | % | ৯৫ | ১০১.৪৯ | ১১১.২৪ | ১০৭.৯৫ | ১০৩.২১* |
| [২.৩.১] দেনা পরিশোধ | মাস | ৩ | ১ | ১ | ১ | ১ |
| [২.৩.২] সরকারের নিকট ডিএসএল পরিশোধ | কোটি টাকা | চলতি | ২৭.৩২ | ০.০০ | ০ | ২৭.৩২ |
| [২.৩.৩] ডেব্ট সার্ভিস কাভারেজ রেশিও | রেশিও | ১.৬:১ | ১.৮:১ | ১.৮৫:১ | | ১.৮৫:১ |
| [২.৩.৪] কারেন্ট রেশিও | রেশিও | ১.৫:১ | ২.০:১ | ২.১:১ | | ২.১:১ |
| [২.৩.৫] কুইক রেশিও | রেশিও | ১.২০:১ | ১.৮০:১ | ১.৯০:১ | | ১.৯০:১ |
| [২.৪.১] ই জিপি টেন্ডারিং ( ১০০ কোটির নিচে) | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| [৩.১.১] নতুন বিদ্যুৎ সংযোগ | সংখ্যা | ৩৫০০০ | ৩৭৪০৩ | ৭৬৪৪ | ৫৬৩৫ | ৪৫০৪৭ |
| [৩.২.১] প্রিপেইড মিটার স্থাপন | সংখ্যা | ৪০০০০ | ২৫৬০০ | ৭০১৯ | ৮৯১১ | ৪১৫৩০ |
| [৪.১.১] নেট মিটার স্থাপন | সংখ্যা | ৫০ | ৩০ | ৩ | ২ | ৩৫ |

উপস্থিত সদস্যগণ জুলাই/২০ -ফেব্রুয়ারি/২১ পর্যন্ত অর্জনে সন্তোষ প্রকাশ করেন এবং বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত কার্যক্রম যথাযথভাবে অনুসরণের উপর তাগিদ প্রদান করেন।

২.১ অত:পর সভাপতি ফেব্রুয়ারি/২০২১ মাসের অর্জনের উপর আলোচনা করেন এবং সদস্যদের মতামত আহবান করেন।

**২.১.১ উপকেন্দ্রের ক্ষমতাবৃদ্ধি ও এডিপি বাস্তবায়ন (আর্থিক):**

আলোচনায় অংশ নিয়ে নির্বাহী পরিচালক (প্রকৌশল) বলেন যে, এপিএ এর সকল লক্ষ্যমাত্রার অগ্রগতি সন্তোষজনক হলেও উপকেন্দ্রের ক্ষমতাবৃদ্ধি ও এডিপি বাস্তবায়নে (আর্থিক) ধীর গতির বিষয়ে উদ্বেগ প্রকাশ করেন এবং এ বিষয়ে প্রধান প্রকৌশলী (উন্নয়ন)-কে লক্ষ্যমাত্রা অর্জনে আরও সচেষ্ট হওয়ার আহবান জানান। এ বিষয়ে প্রধান প্রকৌশলী (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, ফেব্রুয়ারি/২০২১ পর্যন্ত উপকেন্দ্রের মোট ক্ষমতা বৃদ্ধি হয়েছে ৩৮৯ এমভিএ। লক্ষ্যমাত্রা অর্জনে আগামি জুন/২০২১ এর মধ্যে আরও ৩৩১ এমভিএ ক্ষমতা বৃদ্ধি করতে হবে। "কন্সট্রাকশন অব নিউ ১৩২/৩৩ কেভি এন্ড ৩৩/১১ কেভি সাবস্টেশন প্রজেক্ট" প্রকল্পের আওতায় অবশিষ্ট লক্ষ্যমাত্রা নির্দিষ্ট সময়ের মধ্যে অর্জিত হবে বলে তিনি সভাকে নিশ্চিত করেন।

তিনি আরো অবহিত করেন যে, বিশ্বের করোনা পরিস্থিতির কারনে প্রকল্প বাস্তাবায়নের জন্য প্রয়োজনীয় মালামাল প্রাপ্তিতে বিলম্ব হওয়ায় এবং প্রকল্প বাস্তবায়নের কাজ ধীরগতিতে চলায় এডিপি বাস্তবায়ন (আর্থিক) এর অগ্রগতি লক্ষ্যমাত্রার তুলনায় খুবই কম। তবে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনের ব্যাপারে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

**২.১.২ ১১ কেভি ফিডার অটোমেশন:**

সভায় সভাপতি মহোদয় ১১ কেভি ফিডার অটোমেশনে কোনো অগ্রগতির না থাকার বিষয়ে জানতে চান। মহাব্যবস্থাপক (আইসিটি) সভাকে অবহিত করেন যে, এ বিষয়ে কাজ চলমান আছে। কোনো কোনো ফিডারে ট্রায়াল দেওয়া হচ্ছে। নির্দিষ্ট সময়ে লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে তিনি সভাকে নিশ্চিত করেন।

২.১.৩ **গণশুনানি:**

সভায় অবহিত করা হয় যে, ফেব্রুয়ারি/২০২১ মাসে মাত্র ৩টি সহ ৮ মাসে মোট ২২ টি গণশুনানি করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আগামি ৪ মাসে আরও ১৪টি গণশুনানি করতে হবে। গণশুনানি ছাড়াও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সেবাগ্রহিতাদের অবহিতকরণ সভা এবং অংশীজনদের সাথে মতবিনিময় সভা আয়োজন করতে হবে এবং বিদ্যুৎ বিভাগকে গণশুনানির তারিখ ও সময় জানিয়ে অবহিত করতে হবে। বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি প্রয়োজনে গণশুনানিতে উপস্থিত থাকতে পারেন। এ বিষয়ে প্রধান প্রকৌশলীগণ (উত্তর,দক্ষিণ ও সেন্ট্রাল) সভাকে অবহিত করেন যে, চলতি মার্চ মাসে বেশ কয়েকটি গণশুনানি, নূন্যতম ০১(এক) টি করে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সেবাগ্রহিতাদের অবহিতকরণ সভা এবং অংশীজনদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হবে।

২.১.৩ SAIDI এবং SAIFI

সভাপতি ফেব্রুয়ারি/২১ পর্যন্ত অর্জিত SAIDI এবং SAIFI সম্পর্কে জানতে চাইলে নির্বাহী প্রকৌশলী, নির্বাহী পরিচালক (অপারেশন) এর দপ্তর জানান যে, ডিপিডিসি'র এনওসিএস জোন নর্থ/সেন্ট্রাল/সাউথ হতে সংগৃহীত তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, ফেব্রুয়ারি/২১ পর্যন্ত SAIDI এবং SAIFI হয়েছে যথাক্রমে ১৫৯.৫৪৫ ও ১৩.৭০৫ যা সন্তোষজনক। আগামিতে এ ধারা অব্যাহত থাকলে লক্ষমাত্রা অর্জন করা যাবে।

৩.১ পরিশেষে সভাপতি মহোদয় সভায় অংশগ্রহণকারী সকলকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষমাত্রা অর্জনের জন্য সর্বাত্বক প্রচেষ্টা অব্যাহত রাখার আহবান জানান এবং আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৩.০৩.২০২১

(মো: গিয়াসউদ্দিন জোয়ার্দার
নির্বাহী পরিচালক (প্রকৌশল)
ও
নির্বাহী পরিচালক (অপারেশন) (অতি:দা:)
ডিপিডিসি।

C:\Users\EDO\Downloads\Meetting Minutes March.doc